

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা



জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০২০) সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জিল্লুর রহমান চৌধুরী যুগ্মসচিব
সভার তারিখ	০২.০৬.২০২০
সভার সময়	১১.০০
স্থান	অনলাইন সিস্টেম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার জনাব মোঃ মাফরুল আলম জানান, গত ৩০ জানুয়ারি ২০২০ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক (আগস্ট-ডিসেম্বর ২০১৯) সভা অনুষ্ঠিত হয়। সভাপতি গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়ার প্রেক্ষিতে তিনি জানান যে, গত সভায় তিনটি সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের সিদ্ধান্ত-১ অনুযায়ী, এ বিভাগের সকল শাখা/অধিশাখায় সেবা প্রতিশ্রুতি কার্যক্রম পরিচালনা করছে, সিদ্ধান্ত-২ অনুযায়ী, Five Tools (Citizen's Charter, Grievance Redress System, Right to Information (RTI), National Integrity System (NIS), Annual Performance Agreement (APA)) সম্পর্কে অবহিত করার জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণের আওতায় প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, এবং সিদ্ধান্ত-৩ এ, সর্বশেষ কর্মবন্টনে কর্মকর্তাদের বদলীজনিত কারণে তাদের নাম, মোবাইল নম্বর, ই-মেইল এ্যাড্রেস হালনাগাদ করা সম্ভব হয়নি। সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের জন্য উপস্থিত সকলকে আরও তৎপর হওয়ার পরামর্শ প্রদান করেন এবং সিটিজেন চার্টার হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- সকল শাখা/অধিশাখা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করবে এবং
- সর্বশেষ কর্মবন্টন অনুযায়ী কর্মকর্তাদের নাম, মোবাইল, ই-মেইল হালনাগাদ/পরিবর্তন করতে হবে।

মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্মসচিব

০৯ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪) উপসচিব, অপারেশন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ



মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার